সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ফোন নং: ০২৪৭-৮৬০০৫৪; ই-মেইল: dgmict@rakub.org.bd; ওয়েবসাইট: www.rakub.org.bd

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

## বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | ফারমার্স ক্রেডিট লিমিট | স্বল্প মেয়াদী ও মেয়াদী কৃষি ঋণের পাশাপাশি বার্ষিক শস্য/ফসল উৎপাদন পরিকল্পনা এবং বাংলাদেশ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণ নিয়মাচার অনুসরণে লিমিট আকারে শস্য/ফসল ঋণ সুবিধা প্রবর্তন করা হয়েছে। যে সকল কৃষক পরিবার সারাবছর ফসল উৎপাদনের সাথে জড়িত থাকেন তারা এ ঋণ পাওয়ার যোগ্য হবেন। রাকাবের আওতাধীন এলাকায় এ ঋণ কর্মসূচী চালু রয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ০২. | রাকাব ভ্রমণ সঞ্চয় স্কিম | সমাজের বিভিন্ন স্তরের জনগণ বিশেষ করে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও স্বল্প আয়ের পেশাজীবী, চাকুরূজীবী, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য মাসিক কিস্তিতে সাধ্যানুযায়ী সঞ্চয়ের মাধ্যমে বিভিন্ন দর্শনীয় ও ঐতিহাসিক স্থানসমূহে ভ্রমণের লক্ষ্যে আর্থিক সক্ষমতা সৃষ্টি করা। এর মূল উদ্দেশ্য সঞ্চয়ের পাশাপাশি দর্শনীয় ও ঐতিহাসিক স্থাণসমূহে ভ্রমণ, ব্যাংকের তারল্য সংকট নিরসনের পাশাপাশি দেশের দর্শনীয় স্থানসমূহের উন্নয়ন এবং Tourism Development. বিভিন্ন স্তরের জনগণকে ভ্রমণে উদ্বুদ্ধ করণের লক্ষ্যে এ উদ্ভাবনী উদ্যোগটি গৃহীত হয়। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ০৩. | Online Core Banking Solution (CBS) | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ৩৮৩ টি শাখায় Online Core Banking Solution (CBS) চালু করা হয়েছে। অনলাইন সিবিএস বাস্তবায়নের ফলে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের আওতাধীন অঞ্চল সমূহের মানুষের আর্থিক লেনদেন, ঋণ প্রদান, সেবা প্রদান, নতুন হিসাব খোলা, নগদ জমা এবং উত্তোলন প্রক্রিয়াকরণসহ আধুনিক ব্যাংকিং এর সকল সুবিধা বাস্তবায়ন করা সম্ভব হবে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ০৪. | Real-Time SMS Banking Service | গ্রাহকগণ তাদের হিসাবের লেনদেন সংক্রান্ত তথ্যাদি মোবাইলে SMS এর মাধ্যমে পাবেন। SMS Banking সফটওয়্যার সম্পূর্ণরুপে বাংলা ভাষায় গ্রাহকের নিকট লেনদেন তথ্য SMS এর মাধ্যমে প্রেরণ করতে সক্ষম। এই পরিষেবার মাধ্যমে ব্যাংকের গ্রাহকগণ তাৎক্ষণিকভাবে নিজের অ্যাকাউন্টের প্রতিটি লেনদেন সংক্রান্ত SMS পাবেন। এছাড়া এই পরিষেবার মাধ্যমে হিসাবের স্থিতি ও মিনি স্টেটমেন্ট জানা যায়। | হ্যাঁ | হ্যাঁ | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৫. | রাকাব ই-জয় | রাকাব অটোমেটেড ডিজিটাল টাইপিং সিস্টেম সফটওয়্যার 'ই-জয়'। দ্রুততম সময়ের মধ্যে সম্পূর্ণ স্বচ্ছ প্রক্রিয়ায় নিয়োগ সম্পন্ন করা একটি বড় চ্যালেঞ্জ। ইলেট্রনিক্যালি এই চ্যালেঞ্জ জয় করেছে রাকাব। এ কারণে সফটওয়্যারটির নাম দেওয়া হয়েছে 'ই-জয়'। ব্যবহারিক পরীক্ষা শুরু থেকে শেষ পর্যন্ত পুরো প্রক্রিয়াটি স্বয়ংক্রিয়ভাবে সিস্টেম গাইডেড। সিস্টেমটি বাংলা এবং ইংরেজি উভয় টাইপিংয়ের ব্যবহারিক পরীক্ষার ক্ষেত্রে কার্যকর। প্রার্থীর স্বতন্ত্র ডায়নামিক ড্যাশবোর্ড তাৎক্ষণিকভাবে হালনাগাদ দেখায়। এছাড়া তাৎক্ষণিকভাবে সফটওয়্যারের মাধ্যমে পরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণ ও প্রিন্টিং করা যায়। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ০৬. | রাকাব লেন্স | বিস্তৃত নেটওয়ার্কের সাথে সংযুক্ত অনলাইন কোর ব্যাংকিং সলিউশন এর নিরবচ্ছিন্ন মনিটরিং ও ব্যবসায়িক বিভিন্ন পারফরমেন্স ইন্ডিকেটরের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন তদারকি প্রক্রিয়া অত্যন্ত ব্যয়বহুল, চ্যালেন্জিং ও সময়-সাপেক্ষ হওয়ায় মোবাইল এ্যাপ ভিত্তিক পোর্টেবল বিজনেস ইন্টিলিজেন্স সিস্টেম 'রাকাব লেন্স' উদ্ভাবন করা হয়। উদ্ভাবিত সিস্টেমটিতে নিরাপত্তার বিষয়ে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে। সিস্টেমটি সম্পূর্ণভাবে কোর নেটওয়ার্ক থেকে বিচ্ছিন্ন মিডলওয়্যার বেইজড বিজনেস লজিক সমৃদ্ধ হওয়ায় ডাটা সিকিউরিটি ও সাইবার সিকিউরিটি ঝুঁকি হতে মুক্ত। পাশাপাশি কোর ব্যাংকিং সলিউশন (সিবিএস) এর রিয়েল টাইম ডাটা নির্ভর ডাইনামিক ড্যাশবোর্ড, রেখাচিত্র, গ্রাফ, বিভিন্ন সূচকের তুলনামূলক ডাটা'র মাধ্যমে তথ্য সমৃদ্ধ করে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের তড়িৎ সিদ্ধান্ত গ্রহণ উপযোগী করা হয়েছে। কোর ব্যাংকিং এর বিভিন্ন সূচক যেমন: আমানত, ঋণ, ঋণ শ্রেণিকরণ, স্থগিত সুদ, ঋণ আদায়, জাতীয় পরিচয়পত্র যাচাই, মৌলিক তথ্য, নতুন আমানত, নতুন ঋণ বিতরণ, লাভ-ক্ষতি, ই-ব্যাংকিং, রেমিটেন্স, আরটিজিএস, এ-চালান এর লক্ষ্যমাত্রা ও অর্জন কেপিআইসহ যাবতীয় তথ্যাদি রিয়েল টাইমে যে কোন সময় যে কোন স্থানে পোর্টেবল বিজনেস ইন্টিলিজেন্স 'রাকাব লেন্স' এর মাধ্যমে মনিটরিং করা সম্ভব হচ্ছে। ফলে ব্যাংকিং কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়েছে এবং ব্যবসায়িক ও প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত হয়েছে। গত ২০২১-২০২২ অর্থবছরে ভাষা আন্দোলনের মাস ফেব্রুয়ারি ২০২১-এ গুগল প্লে স্টোর-এ এ্যাপ আপলোডের মাধ্যমে 'রাকাব লেন্স' এর লাইভ অপারেশন চালু করা হয়। রাকাবের ৩৮৩টি শাখা, ১৮টি জোনাল কার্যালয়, ২টি বিভাগীয় কার্যালয় এবং প্রধান কার্যালয়ের সকল ডিপার্টমেন্ট ও নির্বাহীবৃন্দ 'রাকাব লেন্স' এর মাধ্যমে হাতের মুঠোয় ২৪x৭ ভিত্তিক ব্যাংকের ব্যবসায়িক অবস্থা জানতে পারছেন। সদ্য সমাপ্ত ২০২১-২০২২ অর্থবছরে 'রাকাব লেন্স' এর সুফলে বিগত বছরের ৩.১০ কোটি টাকা পরিচালন লোকসান কাটিয়ে ৪৪.৮০ কোটি টাকা মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ০৭. | Automated data migration system for error detection, correction & datapumping from off-line branch banking system to online core banking solution | ব্যাংকিং সেক্টরে অফলাইন ব্যাংকিং সিস্টেম থেকে অনলাইন কোর ব্যাংকিং সলিউশন-এ রূপান্তর প্রক্রিয়া কষ্টসাধ্য, দীর্ঘ সময়-সাপেক্ষ এবং ব্যয়বহুল। হাইব্রিড ডাটা মাইগ্রেশন সিস্টেম ব্যবহার করে সার্বিক ডাটা নিরাপত্তা ও ডাটা ইন্টিগ্রিটি নিশ্চিত অন্তে শাখার বিদ্যমান ডাটার Error Detection and correction পূর্বক নির্ধারিত সময়ের পূর্বেই মাত্র এক বছরের মধ্যে ব্যাংকের ৩৮৩টি শাখার মাইগ্রেশন সফলভাবে সম্পন্ন করা হয়েছে। যার ফলে ব্যাংকের প্রায় দুই বছর সময় এবং দুই কোটি টাকা ব্যয় সাশ্রয় হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৮. | সার্কুলার আর্কাইভ | ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংক, মন্ত্রণালয় এবং ব্যাংকের বিভিন্ন সার্কুলার/সার্কুলার লেটার/ নির্দেশনা প্রদান করা হয়। সার্কুলার/সার্কুলার লেটার/নির্দেশনা বিভিন্ন সময়ে পরিবরতন/পরিবর্ধন করা হয়। অপারেশনাল কার্যক্রমের সংশ্লিষ্টতা বিবেচনায় ব্যাংকের বিভিন্ন বিভাগ/দপ্তর নতুন নতুন সার্কুলার ইস্যু করে। ব্যাংকের ওয়েবসাইটে/সেন্ট্রাল সিস্টেমে সার্কুলার লেটারসমূহ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে যার মাধ্যমে ব্যাংক কর্মকর্তাসহ সাধারণ জনগণ খুব সহজেই সংশ্লিষ্ট সার্কুলার লেটার খুঁজে তার কাঙ্ক্ষিত সেবা গ্রহণ করতে পারছেন। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ০৯. | Web Based Banking Operation Control System | সফটওয়্যারটির মাধ্যমে দৈনিক ও সাপ্তাহিক ভিত্তিতে রিপোর্ট পাওয়া যাবে। এক্ষেত্রে দৈনিক ভিত্তিতে হিসাব খোলার সংখ্যা, রেমিট্যান্স, ঋণের তথ্য, রি-শিডিউল ঋণ, স্থগিত সুদ সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে। এছাড়া শাখার দৈনন্দিন আয়-ব্যয়ের হিসাবায়ন, আমানত ও ঋণ স্থিতিসহ ব্যবসায়িক কার্যক্রমের সামগ্রিক তথ্য মনিটরিং করা সম্ভব হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | | |

২২.১০.২০২২
Abu Hanif
Senior System Analyst (AGM)
ICT Department
Rajshahi Krishi Unnayan Bank
Head Office, Rajshahi.

উৎপল কুমার বিশ্বাস
মুখ্য কর্মকর্তা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী